গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, রাঙ্গামাটি পার্বত্য জেলা
(তথ্য ও অভিযোগ শাখা)
www.rangamati.gov.bd

## জুম এ্যাপের মাধ্যমে তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির অক্টোবর ২০২২ এর সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ মিজানুর রহমান, জেলাপ্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা
তারিখ : ১৬/১০/২০২২ খ্রি.
সময় : বেলা ১২.৩০ টা

জুম এ্যাপের মাধ্যমে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর অতিরিক্ত জেলাপ্রশাসক(সার্বিক)-কে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করতে বলা হয়। সভার শুরুতে অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) বলেন, উপজেলা নির্বাহী অফিসারগণ এবং সকল বিভাগীয় প্রধানগণ তাদের নিজ নিজ ওয়েবসাইটে তথ্যসমূহ হালনাগাদ করবেন। সকল দপ্তরকে এ বিষয়ে সচেষ্ট ও সচেতন হতে হবে। কোন তথ্যসমূহ দেয়া যাবে এবং কোনতথ্য দেয়া যাবে না সেগুলো সম্পর্কেও সচেতন হতে হবে।স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ প্রসঙ্গে উপপরিচালক তথ্য অফিস, রাঙ্গামাটি পার্বত্য জেলা বলেন, তথ্য অধিকার আইন,২০০৯ সুনাগরিক ও সুশাসন প্রতিষ্ঠায় অনেক কার্যকরী ভূমিকা রাখে। তথ্য প্রদানের ক্ষেত্রে তথ্য অধিকার আইন অনুসারে নির্দিষ্ট ফরমে আবেদন করতে হয় এবং আইন ও বিধি মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রদানযোগ্য তথ্যাদি সরবরাহ করতে হয়। অত:পর অতিরিক্ত জেলাপ্রশাসক(সার্বিক) বলেন, সকল অফিসের কর্মচারীদের তথ্য অধিকার আইন,২০০৯ সম্পর্কে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। তথ্য অধিকার আইনের অধীন সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণপূর্বক অবশ্যই সকল দপ্তরে তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য হালনাগাদ করতে হবে। অত:পর কোনরূপ সংশোধনী না থাকায় কার্যবিবরণী সভায় দৃঢ়ীকরণ করা হয়।

| ক্রম: | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | কি ধরণের তথ্য প্রদান করা যাবে, সে সকল বিষয় ওয়েব পোর্টালে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন অনুযায়ী যে সকল তথ্য প্রদান/সরবরাহ করা যাবে সে সকল তথ্য ওয়েব পোর্টালে আবশ্যিকভাবে আপলোড করাসহ তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যসমূহ স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ২. | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে কোন আবেদনকারী তথ্য চেয়ে আবেদন করলে চাহিত তথ্যাদি যেন আইন ও বিধি মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে সরবরাহ করা হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। একইসাথে আবেদনকারী যাতে নির্ধারিত ফরমে আবেদন করেন সে বিষয়ে জনগণের মধ্যে ব্যাপক সচেতনতা সৃষ্টির জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | তথ্য অধিকার বিধিমালা অনুসরণপূর্বক জনগণকে তথ্য সরবরাহ নিশ্চিত করতে হবে। একই অফিস হতে ২০ কর্মদিবস এবং অন্য অফিস হলে ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য সরবরাহ করতে হবে এবং কোন কারণে তথ্য প্রদান করা সম্ভব না হলে তা আবেদনকারীকে জানিয়ে দিতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগীয় প্রধান(সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ৩. | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে তথ্য প্রদান অনলাইন প্রশিক্ষণ গ্রহণ সংক্রান্ত আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে যাতে কর্মকর্তা/কর্মচারীগণ এই আইনের অধীন সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ সহ তথ্যের অবাধ এবং জনগণের তথ্য অধিকার নিশ্চিতকরণে ভূমিকা রাখতে পারে। | ১.সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা<br>৩. প্রোগ্রামার (আইসিটি) |
| ৪. | স্ব-স্ব দপ্তরে ওয়েবসাইট হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | স্ব-স্ব দপ্তরের ওয়েবসাইটে সংশ্লিষ্ট দপ্তরের তথ্যাদি ওয়েব পোর্টালে আবশ্যিকভাবে আপলোড/আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |

| | | | |
|---|---|---|---|
| ৫. | তথ্য অধিকার আইন, ২০০৯ বাস্তবায়নে যে সকল দপ্তর/বিভাগে এখনও তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ করা হয়নি, সে সকল দপ্তর/বিভাগসমূহে জরুরিভিত্তিতে তথ্য প্রদানকারী কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তা নিয়োগ প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। | স্ব-স্ব দপ্তরের তথ্য বাতায়নে সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প কর্মকর্তা ও আপিল কর্মকর্তার তথ্য সন্নিবেশ/হালানাগাদ নিশ্চিত করতে হবে। | ১.সংশ্লিষ্ট সকল দপ্তর/বিভাগীয় প্রধান(সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ৬. | মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য অধিকার অধিশাখা এর স্মারক নম্বর ১৯৭ তারিখ : ১৭ সেপ্টেম্বর ২০২১ এর নির্দেশনা অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন এবং স্ব স্ব বিভাগের ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা করা হয়। | মন্ত্রিপরিষদ বিভাগের তথ্য অধিকার অধিশাখা এর নির্দেশনা অনুযায়ী স্ব স্ব বিভাগের স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ৭. | তথ্য অধিকার আইন বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির সভা করে কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত আলোচনা করা হয়। | তথ্য অধিকার আইন বাস্তবায়নে উপজেলা অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ কমিটির নিয়মিত সভা করে এর কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় কমিশনারসহ জেলাপ্রশাসনে প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |
| ৮. | পরিচালক (গবেষণা,প্রকাশনা ও প্রশিক্ষণ) তথ্য কমিশন ঢাকা এর স্মারক নং- ৪৩৭/১, তাং-১৪/০২/২০১৮ খ্রি: মূলে জেলার সকল দপ্তরের দায়িত্ব প্রাপ্ত তথ্য কর্মকর্তাগণকে তথ্য অধিকার আইন-২০০৯ এর ফরমসমূহ ওয়েব সাইট থেকে সংগ্রহ করার জন্য নির্দেশনা প্রদান করা হয় ! | তথ্য কমিশনের নির্দেশনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে সভায় পুনরায় অনুরোধ জানানো হয়। | ১.সংশ্লিষ্ট দপ্তর/বিভাগীয় প্রধান (সকল)<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল),রাঙ্গামাটি পার্বত্য জেলা |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.১০.২০২২

(মোহাম্মদ মিজানুর রহমান)
জেলাপ্রশাসক
ও
সভাপতি
তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ(সুপারভিশন) ও
পরিবীক্ষণ জেলা কমিটি
ফোনঃ ০২৩৩৩৩৭১৬৩২, ফ্যাক্সঃ ০২৩৩৩৩৭২০০৫
e-mail: dcrangamati@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৮৪০০.২১১.১৪.০০১.২২- ১৬৩          তারিখ: ২৫/১০/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, তথ্য কমিশন, বাংলাদেশ প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও , ঢাকা-১২০৭
৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

২৫.১০.২০২২

জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা